

বাস্তবায়িত উন্নয়ন কার্যক্রম

পুনর্বাসন/নির্মাণ কার্যক্রম:

আলোচ্য অর্থবছরে ঢাকা শহরসহ তিতাস অধিভুক্ত বিভিন্ন এলাকায় বিভিন্ন ব্যাসের গ্যাস পাইপলাইনের মডিফিকেশন/পুনর্বাসন/প্রতিস্থাপন/স্থানান্তর করা হয়েছে, যা নিম্নরূপ :

- পানগাঁও ভাল্ড স্টেশন হতে কেরাণীগঞ্জ বিসিক পর্যন্ত ২০" ব্যাস x ১৪০ পিএসআইজি x ২০.৩২ কি.মি. বিতরণ লাইন এবং কেরাণীগঞ্জ ডিআরএস নির্মাণ কাজ;
- ডিপোজিট ওয়ার্কের আওতায় বিসিক এপিআই ইন্ডাস্ট্রিয়াল পার্ক বাউশিয়া মৌজা গজারিয়া উপজেলা মুন্সীগঞ্জে গ্যাস সরবরাহের জন্য অভ্যন্তরীণ গ্যাস বিতরণ পাইপলাইন ও ডিআরএস নির্মাণের কাজ;
- নারায়ণগঞ্জ জেলার আড়াইহাজার উপজেলাধীন জাপানিজ অর্থনৈতিক অঞ্চলের অভ্যন্তরে বিদ্যমান ১৪" ও ২০" ব্যাসের ১০০০ পিএসআইজি ৪ (চার) কি.মি. দীর্ঘ গ্যাস সঞ্চালন পাইপলাইন স্থানান্তর কাজ;
- পদ্মা সেতুর রেল সংযোগ-লাইন এলাইনমেন্টের টিটিপাড়া হতে গোলাপবাগ পর্যন্ত এলাকায় ১" ব্যাসের ৩৯৬.৫০ মিটার গ্যাস পাইপলাইন স্থানান্তর কাজ;
- বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এর অর্থায়নে ডিপোজিট ওয়ার্ক কার্যক্রমের আওতায় হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর এর নির্মাণাধীন টার্মিনাল-৩ এলাকায় প্রকল্পের এলাইনমেন্ট বরাবর টিজিটিডিসিএল এর ১২" ব্যাসের ১৪০ পিএসআইজি এবং আরএমএসসহ ৩" ব্যাসের ৫০ পিএসআইজি গ্যাস পাইপলাইন স্থানান্তর কাজ;
- ডিপোজিট ওয়ার্ক কার্যক্রমের আওতায় পদ্মা সেতু রেল সংযোগ প্রকল্পের আওতায় চেইনেজ ০+০০০ থেকে ১০+০০০ পর্যন্ত অর্থাৎ কমলাপুর রেল স্টেশন হতে পাগলা ওয়াসা গেইট পর্যন্ত ৫টি স্থানে (চেইনেজ ৪+৪৯৫ থেকে ৫+১০০ পর্যন্ত অংশ ব্যতীত) বিভিন্ন ব্যাসের বিতরণ ও সার্ভিস গ্যাস পাইপলাইন স্থানান্তর কাজ;
- ঢাকা-নারায়ণগঞ্জ-ঢাকা (ডিএনডি) এলাকার নিষ্কাশন ব্যবস্থা উন্নয়ন প্রকল্পে (২য় পর্যায়) ওয়াবদাপুল, হাজীগঞ্জ, নারায়ণগঞ্জস্থ এলাকার নির্মাণাধীন ব্রীজের সাইটে তিতাস গ্যাসের ১২", ৮", ৬", ৪" ও ২" ব্যাসের বিতরণ ও সার্ভিস গ্যাস পাইপ লাইন স্থানান্তর কাজ;
- বিসিক শিল্প নগরী, ভৈরব, কিশোরগঞ্জ এ গ্যাস সরবরাহের লক্ষ্যে বিতরণ লাইন নির্মাণ কাজ;
- ঢাকা-সাভার হাইওয়ে সংলগ্ন ব্যাংক টাউন, হেমায়েতপুর, সাভার, ঢাকা এলাকায় কর্ণতলী নদীর পূর্ব পার্শ্বস্থ ১০" ব্যাস x ৫০ পিএসআইজি লাইনের সাথে পশ্চিম পার্শ্বস্থ ১০" ব্যাস x ৫০ পিএসআইজি লাইনের টাই-ইন কাজ; এবং
- চন্দা পল্লীবিদ্যুৎ এপেক্স রোড, আহসান কম্পোজিট রোড ও হরিণহাটি রোড-এর লিকেজ যুক্ত ২" ব্যাসের বিতরণ গ্যাস পাইপলাইন ও সংশ্লিষ্ট সার্ভিস লাইন প্রতিস্থাপন কাজ ।

বাস্তবায়নধীন উন্নয়ন কার্যক্রম

পুনর্বাসন/নির্মাণ কার্যক্রম:

২০২২-২৩ অর্থবছরে চলমান পাইপলাইনের প্রতিস্থাপন/পুনর্বাসন কাজ :

- ত্রিশাল টিবিএস মডিফিকেশন এবং ত্রিশাল টিবিএস থেকে হামিদ ইকোনমিক জোন, ত্রিশাল, ময়মনসিংহ পর্যন্ত ১৬" ব্যাস x ১৪০ পিএসআইজি গ্যাস পাইপলাইন নির্মাণ কাজ;
- আগুগঞ্জ নদীবন্দর-সরাইল-ধরবার-আখাউড়া স্থলবন্দর মহাসড়কে ৪ লেন জাতীয় মহাসড়কে উন্নীতকরণ প্রকল্পের প্রেক্ষিতে ঘাটুরা ও খাটিহাতা বিশ্বরোড নামক এলাকায় তিতাস গ্যাস-এর বিদ্যমান ট্রান্সমিশন লাইনের নিরাপত্তাকল্পে মাটি/বালি খননপূর্বক স্পিল্ট কেসিং স্থাপন কাজ;
- কোম্পানি ব্যয়ে ডেমরা সিজিএস হতে তেজগাঁও টিবিএসগামী ১২" ব্যাস x ৩০০ পিএসআইজি লাইনের প্রায় ৫৮০ (পাঁচশত আশি) ফুট পাইপ লাইন মানিকদিয়ায় উন্মুক্ত হয়ে পড়ায় জরুরী ভিত্তিতে পুনর্বাসন কাজ;
- “নরসিংদী বিসিক শিল্পনগরী সম্প্রসারণ” শীর্ষক প্রকল্পের অভ্যন্তরীণ গ্যাস অবকাঠামো নির্মাণ (বর্ষিতাংশ, ২য় ফেজ) কাজ;
- ডিপোজিট ওয়ার্ক এর আওতায় ঢাকা-সিলেট মহাসড়কের ভুলতা এলাকায় চেইনেজ ১২+৬০০ হতে ১৪+২৫০ পর্যন্ত ৮" ব্যাস x ১৪০ পিএসআইজি x ২৬১৬ মিটার বিতরণ লাইন ও সার্ভিস লাইন নির্মাণ কাজ;
- ডিপোজিট ওয়ার্ক এর আওতায় “সাসেক ঢাকা-সিলেট করিডোর সড়ক উন্নয়ন” শীর্ষক প্রকল্পের ভৈরব এলাকার আওতায় চেইনেজ ৬৪+৪০০ হতে ৬৭+৫০০ পর্যন্ত বিদ্যমান বিভিন্ন ব্যাস বিশিষ্ট বিতরণ লাইন ও সার্ভিস সংযোগ স্থানান্তর কাজ;
- বাংলাদেশ রেলওয়ে ঢাকা-টঙ্গী সেকশনে ৩য় ও ৪র্থ ডুয়েলগেজ রেল লাইন স্থাপনের এলাইনমেন্ট হতে তিতাস গ্যাসের বিদ্যমান পাইপলাইন স্থানান্তর কাজ;
- নারায়ণগঞ্জের পাগলা এলাকায় অবস্থিত থাইম ডিআরএস-এর মডিফিকেশন কাজ;
- আড়াইহাজার, নারায়ণগঞ্জে বাংলাদেশ বিশেষ অর্থনৈতিক অঞ্চলে (জাপানি অর্থনৈতিক অঞ্চল) প্রাকৃতিক গ্যাস সরবরাহের জন্য ১০০ এমএমএসসিএফডি ক্ষমতার সিজিএস নির্মাণ কাজ;
- আশকোনা-গাওয়াইর এলাকায় গ্যাসের স্বল্পচাপ সমস্যা নিরসনকল্পে গ্যাস পাইপলাইন ও ডিআরএস নির্মাণ কাজ;
- ঢাকা শহরের বিভিন্ন এলাকায় গ্যাস পাইপলাইনের লিকেজ মেরামত এবং স্বল্পচাপ সমস্যা নিরসনকল্পে বিভিন্ন ব্যাসের ৫০ ও ১৪০ পিএসআইজি গ্যাস পাইপলাইন প্রতিস্থাপন কাজ (পর্ব-৫/২০২২):(ক) পরিকল্পনা মন্ত্রণালয় চত্বর এলাকা; (খ) শহীদ জামিল রোড, তালতলা, আগারগাঁ, ঢাকাস্থ এলাকা; (গ) স্বল্পচাপ সমস্যা নিরসনের লক্ষ্যে ইব্রাহিমপুর বাজার রোড এলাকা; (ঘ) বাসা নম্বর-৫৪, সড়ক নম্বর-৭/এ, ব্লক নম্বর-এইচ, বনানী (ঙ) কবিরাজবাগ, পূর্ব খোলাইরপাড়, জুরাইন এলাকা; (চ) মুড়াপাড়া (এসিআই সল্ট এর পাশে) রূপগঞ্জ, নারায়ণগঞ্জ এলাকা; (ছ) খিলগাঁও থানার আওতাধীন দক্ষিণ গোড়ান শান্তিপুর ৭ নং রোড; (জ) ২৫ নং ওয়ার্ডস্থিত লালবাগ চৌরাস্তা হতে শেখ সাহেব বাজার এলাকা; (ঝ) জনতা ব্যাংক-হাজারীবাগ শাখা, হাজারীবাগ এলাকা; (ঞ) ৭৩/জি ১, সেন্ট্রাল রোড এলাকা (ট) শ্যামলী-রিং রোড, ঢাকা এলাকায় বেসিক ব্যাংকের সম্মুখস্থ রাস্তা; এবং
- হোসেনদি ইকোনোমিক জোন লিমিটেড, গজারিয়া, মুন্সিগঞ্জ-এ গ্যাস সংযোগের লক্ষ্যে পাইপলাইন নির্মাণ কাজ ।